



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৬৩/ ২০২৬/৬

তারিখঃ ০৪ ১০/২০১৭খ্রিঃ


বিষয়ঃ অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রিট পিটিশন নং- ৩৬৩২/২০১৭ এ প্রদত্ত ২৭/০৩/২০১৭ নির্দেশনা মোতাবেক দরখাস্ত ও সংযুক্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলাধীন তারালী ইউনিয়ন কেন্দ্রীয় আলিম মাদরাসার অধ্যক্ষ জনাব নুরুদ্দীন মোঃ আবু দাউদ আনছারী-কে মোবাইল কোর্ট মামলা নং-৬২/২০১৪ এ দুই বৎসরের কারাদন্ড দেওয়া হয়, যাহার বিরুদ্ধে ফৌজদারী মিস আপিল নং- ৮৯/২০১৪ না মঞ্জুর আদেশের বিরুদ্ধে ফৌজদারী রিভিশন নং- ১৩০/২০১৪ দায়ের করেন ও বিজ্ঞ আদালত শুনানীতে বিগত ১৫/০৬/২০১৬ ইং তারিখে তাঁর বিরুদ্ধে প্রদত্ত দন্ডদেশ রহিত করে অভিযোগের দায় হতে তাঁকে খালাস প্রদান করেন।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর বক্তব্যে উক্ত বিষয়ে তথ্য প্রমানাদি প্রেরণ করার বিষয়ে জানা নেই মর্মে যে বক্তব্য দিয়েছেন তা যথার্থ নয়। মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ তাঁর বক্তব্যে আরও বলেন যে, গভার্ণিং বডি মাদরাসার অধ্যক্ষ জনাব নুরুদ্দীন মোঃ আবু দাউদ আনছারীকে চূড়ান্তভাবে বরখাস্ত করেছেন। মাদরাসার শিক্ষকদের চাকুরী শর্তাবলী সংক্রান্ত প্রবিধান-১৯৭৯ মোতাবেক গভার্ণিং বডি কর্তৃক বোর্ডের আপিল ও আরবিট্রেশন কমিটির সুপারিশ ও বোর্ডের অনুমোদন ব্যতিরেকে কোন শিক্ষককে চূড়ান্ত বরখাস্ত করার আইনগত সুযোগ নেই বিধায় গভার্ণিং বডির চূড়ান্ত বরখাস্ত সংক্রান্ত সিদ্ধান্ত আইনগত কর্তৃত্ব বহিভূত।

বর্ণিত অবস্থায় মাদরাসার অধ্যক্ষ জনাব মোঃ নুরুদ্দীন মোঃ আবু দাউদ আনছারীর বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে বিজ্ঞ আদালত কর্তৃক অব্যাহতি/খালাস পাওয়ায় তাঁর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করে ০৭ (সাত) দিনের মধ্যে অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তরের জন্য মাদরাসার গভার্ণিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ ১. সভাপতি-গভার্ণিং বডি;

২. ভারপ্রাপ্ত অধ্যক্ষ, তারালী ইউনিয়ন কেন্দ্রীয় আলিম মাদরাসা, কালীগঞ্জ, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৬৩/ ২০২৬/৬

তারিখঃ ০৪ ১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, সাতক্ষীরা।
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, সাতক্ষীরা।
৪. জনাব নুরুদ্দীন মোঃ আবু দাউদ আনছারী, অধ্যক্ষ, তারালী ইউনিয়ন কেন্দ্রীয় আলিম মাদরাসা, কালীগঞ্জ, সাতক্ষীরা।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪